গত ০৬-০৯-২০১৮খ্রিঃ বৃহস্পতিবার ১৫.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/মিরপুর/তেজগাঁও/গুলশান/উত্তরা বিভাগের আগস্ট, ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৬-০৯-২০১৮ খ্রিঃ ।

সময় ঃ ১৫.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার), অতিরিক্ত-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ।
২.	জনাব মোঃ আব্দুল বাতেন, পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) ।
৩.	জনাব শেখ নাজমুল আলম বিপিএম(বার),পিপিএম(বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৪.	জনাব মুনতাসিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৫.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন) ।
৬.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) ।
৭.	জনাব মুহাম্মদ হাবীবুন নবী আনিছুর রশিদ, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা পশ্চিম) ।
৮.	জনাব হাসান আরাফাত, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি দক্ষিণ) ।
৯.	জনাব রুবাইয়াত জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
১০.	জনাব মোহাম্মদ বশির উদ্দিন, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি পূর্ব) ।
১১.	জনাব ইশতিয়াক হাসান আমীন, সহকারী পুলিশ কমিশনার (ক্রাইম) ।
১২.	জনাব মোঃ আশরাফুল করিম, সহকারী পুলিশ কমিশনার (বাড্ডা জোন) ।
১৩.	জনাব জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ কমিশনার (দারুসসালাম জোন) ।
১৪.	জনাব নাদিয়া জুই, সহকারী পুলিশ কমিশনার (খিলগাঁও জোন) ।
১৫.	জনাব আবু তৈয়ব মোঃ আরিফ হোসেন, এসি (তেজগাঁও জোন) ।
১৬.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, সহকারী পুলিশ কমিশনার (মোহাম্মদপুর জোন) ।
১৭.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন) ।
১৮.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, বিপিএম-সেবা, সহকারী পুলিশ কমিশনার (নিউমার্কেট জোন) ।
১৯.	জনাব মোঃ বদরুল হাসান, সহকারী পুলিশ কমিশনার (কোতয়ালী জোন) ।
২০.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, সহকারী পুলিশ কমিশনার (মিরপুর জোন) ।
২১.	জনাব ইফতেখায়রুল ইসলাম পিপিএম-সেবা, সহকারী পুলিশ কমিশনার (ডেমরা জোন) ।
২২.	জনাব ফয়সাল মাহমুদ, সহকারী পুলিশ কমিশনার (শ্যামপুর জোন) ।
২৩.	জনাব সালমান হাসান, সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও শিল্পাঞ্চল জোন) ।
২৪.	জনাব মোঃ সিরাজুল ইসলাম পিপিএম-বার, সহকারী পুলিশ কমিশনার (চকবাজার জোন) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠ তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। নিউমার্কেট থানার মামলা নং ২৪, তাং ২৬/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিম গুরুতর অসুস্থ অবস্থায় আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। ভিকটিমের পিতা তার অফিসের সহকর্মীদের বিরুদ্ধে আদালতে গিয়ে অত্র হত্যা মামলাটি দায়ের করেন।

সিদ্ধান্ত ঃ (১) পোস্টমর্টাম রিপোর্ট প্রাপ্তির পর আসামীদের গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। চকবাজার থানার মামলা নং ১৪, তাং ০৫/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি পিবিআইতে হস্তান্তর হওয়ায় এ সংক্রান্তে সভায় কোন আলোচনা হয়নি।

৩। বংশাল থানার মামলা নং ১১, তাং ১০/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী বাঙ্গাল তাইজু এর প্ররোচনায় এজাহারনামীয় ০৫ জন আসামী ভিকটিমকে চাকু দিয়ে আঘাত করে হত্যা করার ঘটনা। অত্র হত্যাকান্ডে এজাহারনামীয় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত রক্তমাখা ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের বয়সের সঠিকতা যাচাইয়ের জন্য নির্দেশ প্রদান করা হয়।
(২) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। বংশাল থানার মামলা নং ২৮, তাং ২০/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি পূর্বের ফুটবল খেলার বিরোধের জের ধরে এজাহারনামীয় আসামী কর্তৃক লাঠি, রড, কিরিচ ও ছুরি দিয়ে ভিকটিমকে রক্তাক্ত জখম করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) উক্ত এলাকায় বিট পুলিশিং ব্যবস্থা জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। যাত্রাবাড়ী থানার মামলা নং ০৩, তাং ০১/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে পূর্ব-পরিকল্পিতভাবে আঘাত ও শ্বাসরোধ করে হত্যার ঘটনা। লাশটি ময়নাতদন্ত রিপোর্ট প্রাপ্তির পর হত্যাকান্ডের মূল রহস্য উদঘাটন হবে মর্মে ধারণা করা হচ্ছে। মামলাটি তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটনপূর্বক অবিলম্বে ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। ডেমরা থানার মামলা নং ৩৯, তাং ২৭/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩২৮/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ০৫ জন মহিলা বাসা ভাড়ার কথা বলে বাসার মালিক ও তার স্ত্রীকে চেতনানাশক দ্রব্য সেবন করিয়ে হত্যার ঘটনা। অত্র হত্যাকান্ড সংক্রান্তে ০৩ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃকাঃবিঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে। এছাড়া উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিবি-পূর্ব বিভাগে হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) অবিলম্বে ঘটনায় জড়িত আসামীদের গ্রেফতার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। খিলগাঁও থানার মামলা নং ৩৯, তাং ১৪/০৮/১৮খ্রিঃ ধারাঃ ১৮৬/৩৩২/৩৫৩/ ৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশের সাথে সন্ত্রাসীদের বন্দুক যুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। খিলগাঁও থানার মামলা নং ৬৭, তাং ২৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৭৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমের বাসায় তার বন্ধুদের নিয়ে খাওয়া-দাওয়ার আয়োজন করে এজাহারনামীয় আসামী কর্তৃক পরিকল্পিতভাবে ভিকটিম ও তার স্ত্রীকে অতিমাত্রায় তরল নেশা জাতীয় দ্রব্য সেবন করিয়ে হত্যার ঘটনা। অত্র হত্যাকান্ডে এজাহারনামীয় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) আসামীদের মোবাইলের সিডিআর সংগ্রহপূর্বক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। তেজগাঁও থানার মামলা নং ০৯, তাং ০৫/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি চোরাই মোবাইল ও চোরাই টাকা ভাগাভাগিকে কেন্দ্র করে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে চাকু দিয়ে হত্যার ঘটনা। এজাহানামীয় আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার,, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। মোহাম্মদপুর থানার মামলা নং ১১, তাং ০৩/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, জানান যে, অত্র মামলাটি পূর্বের ক্যারামবোর্ড খেলার বিতর্কের জের ধরে ভিকটিমকে গিয়ার চাকু দিয়ে হত্যার ঘটনা। এজাহারনামীয় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। মোহাম্মদপুর থানার মামলা নং ১০২, তাং ১৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ ১৪৩/৩৪১/ ৩২৬/৩০৭/৩০২/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহানামীয় আসামী কর্তৃক পূর্ব শত্রুতার জের ধরে ভিকটিমকে ধারালো চাকু দ্বারা আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। মোহাম্মদপুর থানার মামলা নং ১২৫, তাং ২৬/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি পরকীয়ার জের ধরে ভিকটিমকে হত্যাকরতঃ লাশ কাঁশবনে ফেলে দেওয়ার ঘটনা। ঘটনায় জড়িত ভিকটিমের স্ত্রীকে গ্রেফতার করা হয়েছে সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং ০৪, তাং ০৪/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। ভিকটিমকে ধর্ষণ করার পর হত্যা করা হয়েছে মর্মে ধারণা করা হচ্ছে। মামলাটি তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমকে ধর্ষণের রিপোর্ট পাওয়া গেলে মামলার ধারা করে নাঃশিঃনিঃ আইনে পরিবর্তন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) অবিলম্বে ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। দারুসসালাম থানার মামলা নং ৪২, তাং ২৩/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে চিকিৎসার জন্য রিহ্যাব চিকিৎসা কেন্দ্রে পাঠানো হলে রিহ্যাব এর কর্মীরা ভিকটিমকে গরম পানি ঢেলে শারীরীক নির্যাতন করে হত্যার

ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলার মূল রহস্য উদঘাটনপূর্বক জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। বাড্ডা থানার মামলা নং ০৩, তাং ০৪/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় পূর্বে একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছিল । অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমের পরকীয়া সর্ম্পকের জের ধরে টাকা চাওয়াকে কেন্দ্র করে ভিকটিমকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। বাড্ডা থানার মামলা নং ১০, তাং ১১/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটির ভিকটিম পেশায় চোর ছিল। ভিকটিম চুরি করার সময় হাতেনাতে ধৃত হলে এজাহারনামীয় আসামীদের কর্তৃক অতিরিক্ত আঘাতের ফলে হত্যাকান্ডটি সংগঠিত হয়। ঘটনায় জড়িত ০৩ আসামীকে গ্রেফতার করা হয়েছে তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অন্যান্য আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। বনানী থানার মামলা নং ২২, তাং ১৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৪১/৩২৬/ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ভিকটিম কর্তৃক এজাহারনামীয় আসামীদের সিগারেট খেতে বাধা প্রদান করায় আসামী ক্ষিপ্ত হয়ে ভিকটিমকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) আসামীদের বয়সের সঠিকতা যাচাইয়ের জন্য নির্দেশ প্রদান করা হয়।
(২) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। দক্ষিণখান থানার মামলা নং ১৩, তাং ১২/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি সিআইডিতে হস্তান্তর হওয়ায় এই মামলা সংক্রান্তে সভায় আলোচনা হয়নি।

১৯। রমনা মডেল থানার মামলা নং ২২, তাং ১৩/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ছিনতাইকারী কর্তৃক ভিকটিমের ভ্যানিটি ব্যাগ জোরপূর্বক ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে অপর একটি মামলা হতে শ্যেন এরেস্ট দেখানো হয়েছে। আসামীরা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাই হওয়া মালামাল উদ্ধারপূর্বক ভিকটিমের নিকট আদালতের মাধ্যমে হস্তান্তর করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটির ধারা পরিবর্তন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। শাহজাহানপুর থানার মামলা নং ১৩, তাং ১৬/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমের রান্না ঘরের গ্রিল কেটে বাসার ভেতরে প্রবেশ করে নগদ টাকাসহ বিভিন্ন মালামাল লুন্ঠণ করার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামীরা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাই কাজে ব্যবহৃত যন্ত্রপাতি এবং ২০,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। মিরপুর মডেল থানার মামলা নং ৫২, তাং ১৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ ১৭০/৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী নিজেকে পুলিশের দারোগা বলে পরিচয় দিয়ে ভিকটিমের নিকট হতে নগদ টাকা ও মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত মূল ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাই হওয়া ১,২০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। কাফরুল থানার মামলা নং ৩৫, তাং ১৮/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি এহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমের বাসায় অনধিকার প্রবেশ করে ভিকটিমের গলায় চাকু ধরে নগদ টাকা ও মোবাইল লুন্ঠণের ঘটনা। ঘটনায় জড়িত মূল ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুন্ঠণের ঘটনায় ব্যবহৃত চাকু জব্দ করা হয়েছে এবং নগদ ৩,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। বাড্ডা থানার মামলা নং ১৮, তাং ২১/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী মাস্ক পরিহিত অবস্থায় প্রিমিয়ার ব্যাংকে প্রবেশ করে ব্যাংকের ব্যাবস্থাপককে অস্ত্রের ভয় দেখিয়ে এবং অফিসের সকল কর্মকর্তাকে জিম্মি করে নগদ ২২,৯৯,৯৬৯/-টাকা লুন্ঠণের ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিবি'র সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। কোতয়ালী থানার মামলা নং ০৮, তাং ০৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৮৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসমী কর্তৃক ভিকটিমকে জোরপূর্বক অপহরণ করে চাঁদা দাবী করার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। বংশাল থানার মামলা নং ৩০, তাং ২৫/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৮৫/ ৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসমী কর্তৃক পাওনা টাকার জের ধরে ভিকটিমকে অপহরণ করে চাঁদা দাবী করার ঘটনা। ঘটনায় জড়িত আসামী গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমকে জিজ্ঞাসাবাদের মাধ্যমে মামলার মূল রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। যাত্রাবাড়ী থানার মামলা নং ০৪, তাং ০১/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩২৪/৩৬৫/৩৮৫/ ৩৮৬/৩৮৭/৩৭৯ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী এবং বাদী পূর্ব পরিচিত হওয়ায় আসামী কৌশলে ভিকটিমকে ডেকে নিয়ে অপহরণ করে চাঁদা দাবী করার ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। মতিঝিল থানার মামলা নং ৩৫, তাং ২৮/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৩৭/৩৭৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে অপহরণ করে চাঁদা দাবীর ঘটনা। ঘটনায় জড়িত ০৭ জন আসামী গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার তদন্ত সন্তোষজনক হওয়ায় সভাপতি মহোদয় মামলা তদন্তকারী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। মোহাম্মদপুর থানার মামলা নং ৫৯, তাং ১২/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৮৬/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসমী কর্তৃক ভিকটিমকে অপহরণ করে তার পরিবারের নিকট চাঁদা দাবীর ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামী র‍্যাব কর্তৃক ধৃত করা হয় এবং ভিকটিমকে উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। মিরপুর মডেল থানার মামলা নং ৭৯, তাং ৩০/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিমকে অন্য কোন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা উঠিয়ে নিয়ে গেছে মর্মে ধারণা করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার মূল রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। দারুসসালাম থানার মামলা নং ১৫, তাং ০৫/০৮/১৮খ্রিঃ ধারাঃ ৩৬৫/৩৮৫/৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, ভিকটিমের নিকট আপত্তিকর ছবি থাকার কারণে এজাহারনামীয় আসামীরা ভিকটিমকে অপহরণ করে মুক্তিপণ দাবী করে। অত্র অপহরণ মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। কদমতলী থানার মামলা নং ৪২, তাং ১৯/০৮/১৮খ্রিঃ ধারাঃ নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধন ২০০৩) এর ৯(৩)

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী ভিকটিমের পূর্ব-পরিচিত হওয়ায় ভিকটিমকে ফোন করে ডেকে নিয়ে জোরপূর্বক ধর্ষণ করার ঘটনা। অত্র মামলায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) পলাতক অপর আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। মোহাম্মদপুর থানার মামলা নং ৯২, তাং ১৭/০৮/১৮খ্রিঃ ধারাঃ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০(সংশোধন ২০০৩) এর ৯(৩)/৭/৩০

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, ভিকটিমের পিতা পাওনা টাকার জের ধরে আসামীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করেছে মর্মে ধারণা করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি সঠিকভাবে যাচাইপূর্বক নাঃশিঃনিঃ ১৭ ধারা প্রক্রিয়া নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। ঢাকা মেট্রোপলিটন এলাকার প্রতিটি মাদক নিরাময় কেন্দ্র রিহ্যাব সেন্টার সরকার কর্তৃক অনুমোদিত কিনা তা সঠিকভাবে যাচাই করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রতিটি থানা এলাকায় বিট পুলিশিং ব্যবস্থা আরও জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়। যেকোন কঠিন পরিস্থিতি অত্যন্ত ধৈর্য্য, সাহসিকতা ও পেশাদারিত্বের সহিত মোকাবেলা করার আহবান জানান। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শিঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/ উত্তরা বিভাগে গত আগস্ট, **২০১৮**খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট **৩২** টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে **০৮** টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখঃ -০৯-২০১৮খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/ পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। সহকারী পুলিশ কমিশনার(রমনা/নিউমার্কেট/কোতয়ালী/চকবাজার/ডেমরা/শ্যামপুর/মতিঝিল/সবুজবাগ/বাড্ডা /খিলগাঁও/তেজগাঁও/মোহাম্মদপুর/তেজগাঁও শিল্পাঞ্চল/মিরপুর/দারুসসালাম/গুলশান/দক্ষিণখান) ডিএমপি,ঢাকা।

} **অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।

} **অবগতির জন্য।**

৭। অফিস নথি।

(শেখ নাজমুল আলম, বিপিএম-বার,পিপিএম-বার)
বিপি-৬৫৯৮০০৯৩২২
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
কমিশনারের পক্ষে
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোনঃ ৯৩৫৬৪৭২, ফ্যাক্সঃ ৮৩১৮২১০
ই-মেইলঃ jccrime@dmp.gov.bd